

নম্বর: ০৫.০০.০০০০.২০২.২৫.০০১.১৯-৪৫১


তারিখ: ২২/০৮/২০১৯ খ্রি.

**বিষয় : Mid-Career Training Programme in Field Administration for Bangladesh Civil Servants শীর্ষক প্রশিক্ষণের ৫০ তম ব্যাচের জন্য কর্মকর্তা মনোনয়ন।**

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ০৫.০০.০০০০.২০২.০০.০০১.১৭-৪০৮, তারিখ: ২৫/০৭/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ভারতের National Centre for Good Governance (NCGG)-তে আগামী ১৬-২৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখ মেয়াদে ৫০ তম Mid-Career Training Programme অনুষ্ঠিত হবে মর্মে ভারতীয় দূতাবাস কর্তৃক জানানো হয়েছে। উল্লেখ্য, বর্নিত প্রশিক্ষণটি ১৯-৩০ আগস্ট/২০১৯ তারিখ মেয়াদে অনুষ্ঠিত হওয়ার প্রস্তাব ছিল এবং সে প্রেক্ষিতে বিভাগীয় কমিশনারের কার্যালয়সমূহ হতে ৩০ জন কর্মকর্তার মনোনয়ন পাওয়া গিয়েছিল। কিন্তু দেশে চলমান বন্যা ও ডেঙ্গুজ্বরের কারণে প্রশিক্ষণটি স্থগিত করা হয়। এক্ষণে ভারতীয় দূতাবাস আগামী ১৬-২৭ সেপ্টেম্বর ২০১৯ মেয়াদে উক্ত প্রশিক্ষণটি অনুষ্ঠানের প্রস্তাব করেছে যা Mid-Career ৫০তম ব্যাচ হিসাবে গণ্য হবে।

২। এমতাবস্থায়, আগামী ১৬-২৭ সেপ্টেম্বর ২০১৯ তারিখের প্রস্তাবিত প্রশিক্ষণে কর্মকর্তা প্রেরণের জন্য তীর প্রেরিত পূর্বের মনোনয়ন অনুসারে কার্যক্রম গ্রহণ করা যায় কিনা তা আগামী ৭ কর্ম দিবসের মধ্যে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উক্ত ব্যাচে সর্বোচ্চ ৪০ জন কর্মকর্তার অংশগ্রহণের সুযোগ রয়েছে। পূর্বে প্রেরিত মনোনয়নে যদি কোন পরিবর্তন থাকে তবে পরিবর্তনসহ ঢাকা ও চট্টগ্রাম বিভাগ হতে ২ জন এবং অন্যান্য বিভাগ হতে আরও ১ জন করে অতিরিক্ত মনোনয়ন প্রদান করা যাবে। নতুন মনোনয়ন একই তারিখের মধ্যে প্রেরণের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো। তাছাড়া কার্যক্রম গ্রহণের লক্ষ্যে মনোনয়নপ্রাপ্ত (পুরাতন এবং নতুন যদি থাকে) সকল কর্মকর্তাকে ইতিপূর্বে প্রেরিত গাইড লাইন অনুসারে NCGG-তে Online-এ আবেদন করে আবেদনের ৩ সেট হার্ডকপি আগামী ০২/০৯/২০১৯ তারিখের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে (ভবন নং ২, কক্ষ নং ১০৯) প্রেরণের নির্দেশনা প্রদানের জন্যও অনুরোধ করা হল।

  
মোঃ আনোয়ারুল ইসলাম সরকার  
উপসচিব

ফোন : ৯৫৭৪৪২৬

[sastf.mopa@gmail.com](mailto:sastf.mopa@gmail.com)

বিভাগীয় কমিশনার

ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ বিভাগ।

অনুলিপি:

- ১। জেলা প্রশাসক,.....(সকল)।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর সহকারী একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪। সিস্টেমস্ এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়।